



উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড

উত্তরা রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা
সংগলশী, নীলফামারী।



সূত্র নং : ০৩.০৬.৭৩৬৪.৩৩৫.১১.০০৫.২৪.-৪৮

তারিখ : ২৩ সেপ্টেম্বর, ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড, উত্তরা ইপিজেড, নীলফামারী এর অধীনে নিম্নবর্ণিত পদসমূহে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী)	পদ সংখ্যা	বয়স (অনুর্ধ্ব)	শিক্ষাগত যোগ্যতা
০১	ইমাম (১৬০০০-৩৮৬৪০/-) (গ্রেড-১০) সহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি।	০১ (এক)	৩০ বৎসর	কামিল পাশসহ কোন অনুমোদিত মাদ্রাসা হতে কারীয়ানা পাস। অভিজ্ঞতা সম্পন্ন/বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
০২	অফিস সহকারী কাম- স্টোর কিপার (১০,২০০-২৪,৬৮০/-) (গ্রেড-১৪) সহ প্রাপ্য অন্যান্য সুবিধাদি।	০১ (এক)	৩০ বৎসর	এইচ.এস.সি. পাশ এবং বাংলা ও ইংরেজি কম্পিউটার টাইপে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ এবং ৩০ শব্দের গতি। এমএস ওয়ার্ড ও এক্সেলে দক্ষতা থাকতে হবে। শিক্ষা জীবনে সকল পরীক্ষায় ন্যূনতম জিপিএ ৩.০০ থাকতে হবে। অভিজ্ঞতা সম্পন্ন/বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

শর্তাবলী :

- ০১। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত চাকরীর আবেদন ফরমে পূরণকৃত দরখাস্ত আগামী ১৭ অক্টোবর, ২০২৪ তারিখের মধ্যে সদস্য সচিব, উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার, উত্তরা ইপিজেড, নীলফামারী-৫৩০০ বরাবর পৌঁছাতে হবে। অত্র অফিসে সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্রসমূহ বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের নমুনা বেপজার ওয়েবসাইট: www.bepza.gov.bd/download-forms থেকে ডাউনলোড করা যাবে।
- ০২। প্রার্থীর বয়স আগামী ১৭ অক্টোবর, ২০২৪ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে থাকতে হবে।
- ০৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- ০৪। দরখাস্তের খামের উপর আবেদনকৃত পদের নাম স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।
- ০৫। চাকরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান সংশোধিত কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ০৬। আবেদনপত্রের সাথে উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ডের অনুকূলে নিম্নোক্ত ব্যাংক হিসাবে যেকোন তফসিলী ব্যাংক হতে উভয় পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবেঃ
ক) হিসাবের নামঃ Uttara EPZ Medical Centre Trustee Board.
খ) হিসাব নম্বরঃ 161.120.0000412
গ) ঠিকানাঃ ডাচ বাংলা ব্যাংক পিএলসি, সৈয়দপুর শাখা, নীলফামারী।
- ০৭। দরখাস্তের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবে :
ক. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
খ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
গ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ. স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়রের নিকট হতে নাগরিকত্ব সনদপত্র।
ঙ. ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয় পত্র/জনা সনদের ফটোকপি। তবে জাতীয় পরিচয় পত্রের কপি যৌক্তিক সময়ে কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।
চ. অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে)।
- ০৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে নিয়োগ প্রদান করতে কিংবা লিখিত/মৌখিক পরীক্ষার কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না।
- ০৯। প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারের তারিখ ও সময় পত্র মারফত/স্বুদে বার্তার মাধ্যমে জানানো হবে। কোন তদবির বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মুহাম্মদ নাজমুল আলিম)
অতিরিক্ত নির্বাহী পরিচালক (কঃঅঃ ও শিঃসঃ)
ও
সদস্য সচিব
উত্তরা ইপিজেড মেডিকেল সেন্টার ট্রাস্টি বোর্ড
সংগলশী, নীলফামারী।
☎ : +৮৮-০২-৫৮৯৯৬০৩০৮।